

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ : ২৬ পৌষ ১৪২৫/০৯ জানুয়ারি ২০১৯

নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০১৪.১৭.৯৭—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে “Linde Bangladesh Limited” এর তেজগাঁও, নারায়ণগঞ্জ এর রূপগঞ্জ, সীতাকুন্ড এর শীতলপুর, খুলনার লবনচরা এবং সমগ্র বাংলাদেশে ১৮টি উৎপাদন ও বিপণন কেন্দ্রে অবস্থিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪(১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১ ডিসেম্বর ২০১৮ হতে ০১ মে ২০১৯ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- ১। কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না;
- ২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
হামিদা চৌধুরী  
যুগ্মসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ৫০৭ )

মূল্য : টাকা ৪.০০